



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

EVENING NEWS BULLETIN

BENGALI

DATE: 26 Sep. 26

TIME: 7:45 PM

- ১) মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তুবিশ্ব শর্মা, গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল এবং কেন্দ্রীয় বন্দর, জাহাজ পরিবহন ও জলপথ বিভাগের মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের উপস্থিতিতে আজ গুজরাটের কান্ডলায় একটি ই-মিথানল প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন।
- ২) আগামী তেসরা অক্টোবর অনুষ্ঠেয় শিলচর পৌর নিগম নির্বাচনের চূড়ান্ত প্রস্তুতি অব্যাহত, ভারতীয় জনতা পার্টি এবং ভারতীয় জাতীয় কংগ্রেস দলের ইস্তাহার প্রকাশ।
- ৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল বেলা ১১টায় আকাশবাণীতে মন-কি-বাত।
- ৪) জাতীয় প্রযুক্তি প্রতিষ্ঠান এন আই টি শিলচরের, ইউ আই গ্রীণমেট্রিক ওয়াল্ড ইউনিভার্সিটি রেঞ্জিং - ২০২৬ এ বিশ্বে ১৬৬ নম্বর স্থান লাভ।
এবং
- ৫) বরাক উপত্যকার বন্যা, নদী ভাঙ্গন এবং ভূমিধ্বসের স্থায়ী সমাধানের উদ্দেশ্যে জার্মান আন্তর্জাতিক পরামর্শদাতা প্রতিষ্ঠান জি এফ এ কন্সাল্টিং গ্রুপের একটি বিশেষজ্ঞ দল শিলচর এসে উপস্থিত।

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তুবিশ্ব শর্মা, গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল এবং কেন্দ্রীয় বন্দর, জাহাজ পরিবহন ও জলপথ বিভাগের মন্ত্রী সর্বানন্দ

সনোয়ালের উপস্থিতিতে আজ গুজরাটের কান্ডলায় একটি ই-মিথানল প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয় । এই প্রকল্পটির প্রথম পর্যায়ে ১ হাজার ২শো কোটি টাকার অধিক পরিমানের মূলধন বিনিয়োগ করা হবে । এ সম্পর্কে মুখ্যমন্ত্রী সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বলার সময় জানান যে এই প্রকল্প আসামে বহনক্ষম শিল্প বিকাশের সম্ভাবনাকে আরো শক্তিশালী করে তুলবে । প্রতিদিন ১শো ৫০ টন উৎপাদন ক্ষমতা সম্পন্ন এই ই-মিথানল প্রকল্পটি স্বচ্ছ শক্তির ব্যবহার বৃদ্ধি করা সহ স্বল্প কার্বন নির্গমন ক্ষেত্রের যাত্রাকে অধিক তরান্বিত করবে বলে তিনি আশা প্রকাশ করেন । এই প্রকল্পটির কাজ সম্পন্ন হলে বছরে প্রায় ৫০ হাজার টন ই-মিথানল উৎপাদন করা সম্ভব হবে বলেও মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন । আসাম পেট্রোক্যামিকেলস লিমিটেড এবং দীনদয়াল বন্দর কর্তৃপক্ষের অংশীদারিত্বে স্থাপন হওয়া এই প্রকল্পের মাধ্যমে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ৩ হাজার ৫শোর অধিক কর্মসংস্থান সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে ।

উভয় রাজ্যের প্রতিষ্ঠান দুটির সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে আসামের সম্পদ , প্রতিভা এবং শিল্প বিকাশের সম্ভাবনাকে দেশের শিল্পশক্তির সঙ্গে সংযুক্ত করে উন্নয়নের গতি বৃদ্ধি করার প্রয়াস গ্রহণ করা হয়েছে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । ডক্টর শর্মা বলেন যে এই ক্ষেত্রে অর্থনৈতিক প্রগতি এবং পরিবেশ সংরক্ষণে অগ্রাধিকার লাভ করবে । গুজরাটে আসামের শিল্পের পরিসর বৃদ্ধিতে নতুন আসামের আত্মবিশ্বাসকে শক্তিশালী রূপে প্রতিফলিত করবে বলেও উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে শিল্পক্ষেত্রে পশ্চাদপদ রাজ্যের পুরনো পরিচিতি অতিক্রম করে আসাম এখন শিল্পক্ষেত্রের অগ্রণী রাজ্য হওয়ার পথে অগ্রসর হচ্ছে ।

(বাইট - মুখ্যমন্ত্রী)

শিলচর পুর নিগম নির্বাচন -২০২৬ এর জোরদার প্রস্তুতি অব্যাহত রয়েছে। বিজেপি, কংগ্রেস সহ নির্দল প্রার্থীরাও ভোটদাতাদের আকর্ষিত করার জন্য জোড়দার প্রচার অভিযান চালাচ্ছেন। ভারতীয় জাতীয় কংগ্রেস আজ শিলচর পৌর নিগমের নির্বাচনের নির্বাচনী ইস্তাহার প্রকাশ করেছে। # জনতার শিলচর---উন্নত শিলচর # শ্লোগানকে সামনে রেখে কংগ্রেস একটি স্বচ্ছ, সুরক্ষিত, আধুনিক ও নাগরিক অনুকূল শিলচর নির্মাণের প্রতিশ্রুতি দিয়েছে। নির্বাচনী ইস্তাহারের আনুষ্ঠানিক উন্মোচন অনুষ্ঠানে আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক প্রাঞ্জল ঘাটোয়ার, শিলচর জেলা কংগ্রেসের সভাপতি সজল আচার্য, তমাল বণিক, ডাঃ অমিত কালোয়ার, অজিত সিং সহ দলের অন্যান্য নেতারা উপস্থিত ছিলেন।

নির্বাচনী ইস্তাহারে শিলচরের দীর্ঘদিনের জমা জলের সমস্যা, বেহাল সড়ক, অপরিষ্কার নিষ্কাশন ব্যবস্থা, পানীয় জলের সমস্যা, যানজট সমস্যা ইত্যাদি বিভিন্ন সমস্যার ওপর আলোকপাত করা হয়েছে।

উল্লেখ্য গতকাল ভারতীয় জনতা পার্টি শিলচর পৌর নিগমের নির্বাচনের নির্বাচনী ইস্তাহার প্রকাশ করেছে।

এদিকে শিলচর পুর নিগম নির্বাচনের পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদান প্রক্রিয়া আজ শিলচরের সরকারী বালিকা উচ্চতর মাধ্যমিক ও বহুমুখী বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। যোগ্য ভোটদাতা বা নির্বাচনের কাজে নিযুক্ত সরকারী কর্মচারী ও আধিকারিকদের ডাক মারফৎ ভোটদানের সরকারী আনুষ্ঠানিকতা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সহায়তার

জন্য কাছাড় জেলার সহকারী আয়ুক্ত মাসি তোপ্পো সহ আধিকারিক কর্মচারীরা উপস্থিত ছিলেন ।

আসন্ন শিলচর পুর নির্বাচনের প্রাক্কালে এই সুবিধা গ্রহণকারী সব ভোটারদের সুবিধার্থে প্রক্রিয়াটি নিয়মিত ও স্বচ্ছভাবে পরিচালিত হয়েছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

দলের অনুশাসন ভঙ্গ করার অভিযোগে বিজেপির আসাম প্রদেশ রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া কাছাড় জেলার ১৬ জন কর্মীকে বিজেপি দলের প্রাথমিক সদস্য পদ থেকে বহিস্কার করেছেন । এরমধ্যে বেশ কয়েকজন শিলচর পুর নিগম নির্বাচনের প্রত্যাশী প্রার্থী রয়েছেন । দলের টিকিট না পাওয়ায় কয়েকজন নির্দল প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দিতায় রয়েছেন । আজ দলের পক্ষ থেকে প্রদেশ সমিতির সাধারণ সম্পাদক অনুপ বর্মণ এই নির্দেশ জারী করেছেন বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে মত বিনিময় করবেন । এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৮তম পর্ব আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে আগামীকাল বেলা ১১টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে । আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল অ্যাপ , আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ , প্রধানমন্ত্রীর দপ্তর , তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube চ্যানেলেও অনুষ্ঠানটি শোনা যাবে । প্রধানমন্ত্রীর এই অনুষ্ঠান

সমাপ্ত হওয়ার অব্যবহিত পরই আকাশবাণী থেকে এর আঞ্চলিক অনুবাদ প্রচার করা হবে ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামী ৫ অক্টোবর মিজোরাম সফর করবেন । সরকারী এক বিবৃতিতে জানানো হয়েছে যে শ্রী শাহ ওইদিন প্রথম লুংলেই বিমানবন্দরে অবতরণ করার পর সেখান থেকে হেলিকপ্টারযোগে থুয়ামপুই হেলিপেডের উদ্দেশ্যে যাত্রা করবেন । সেখানে পৌঁছে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ফকল্যান্ড ওঙ্গর ইউথ রিক্রিয়েশন কেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানে যোগ দেবেন । শ্রী শাহর আসন্ন এই সফরকে কেন্দ্র করে মিজোরামের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার করে তোলার প্রস্তুতি চলছে ।

জাতীয় প্রযুক্তি প্রতিষ্ঠান এন আই টি শিলচর , ইউ আই গ্রীনমেট্রিক ওয়ান্ড ইউনিভার্সিটি রেক্সিং - ২০২৬ এ বিশ্বে ১৬৬ নম্বর স্থান লাভ করেছে । বিশ্বের ১১০টি দেশের মোট ২ হাজার ১৬টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে এন আই টি শিলচর এই স্থান লাভ করতে সক্ষম হয়েছে । উল্লেখ্য যে ভারতীয় বিশ্ববিদ্যালয় সমূহের মধ্যে এন আই টি শিলচর পঞ্চম স্থানে রয়েছে । এর আগে বহুগক্ষম উন্নয়ন এবং পরিবেশ অনুকূল ক্যাম্পাস পরিচালনায় আন্তর্জাতিক ক্ষেত্রে বিশেষ পারদর্শিতা প্রদর্শন করতে সক্ষম শিলচর এন আই টি বিশ্ব রেক্সিং-এ ১৯১তম স্থান লাভ করেছিল । উল্লেখ্য যে ইউ আই গ্রীনমেট্রিক মূল্যায়নে প্রশাসন এবং ডিজিটাল রূপ প্রদানকে পৃথক শ্রেণী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে । এন আই টি শিলচরের পক্ষ থেকে জানানো হয়েছে যে এই সফলতার অন্যতম ভিত হচ্ছে বহুগক্ষম পরিকাঠামো , শক্তি এবং পরিবেশ ব্যবস্থা , শিক্ষা ও গবেষণা তথা দায়িত্বশীল প্রাতিষ্ঠানিক পদ্ধতির নিরন্তর দায়বদ্ধতা । ভবিষ্যতে এন আই টি শিলচর ক্যাম্পাসকে বহুগক্ষম

প্রযুক্তি এবং উদ্ভাবনের জীবন্ত পরীক্ষাগার হিসেবে উন্নত করার লক্ষ্য গ্রহণ করা হয়েছে বলেও জানানো হয়েছে ।

বরাক উপত্যকার বন্যা , নদী ভাঙ্গন এবং ভূমিধ্বসের একটি স্থায়ী সমাধানের উদ্দেশ্যে জার্মান আর্ন্তজাতিক পরামর্শদাতা প্রতিষ্ঠান জি এফ এ কন্সাল্টিং গ্রুপের একটি বিশেষজ্ঞ দল শিলচর এসে উপস্থিত হয়েছে । জার্মানীর আর্ন্তজাতিক পরিবেশবিদ তথা অভিযন্তা জন সাসের নেতৃত্বে আজ এই দলটি শিলচরের শিববারী রোডের নদী ভাঙ্গন প্রবন এলাকার প্রায় ২৫ কিলোমিটার দৈর্ঘ্যের ক্ষতিগ্রস্ত অঞ্চল পরিদর্শন করে । দলটি স্থানীয় প্রশাসন এবং সংশ্লিষ্ট বিভাগের আধিকারিকদের সঙ্গে ওই এলাকায় কি কি পদক্ষেপ গ্রহণ করলে ভাঙ্গন রোধ করা সম্ভব সে বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করে । উল্লেখ্য যে স্থানীয় বাসিন্দাদের সঙ্গে আলোচনা করে গত ৪০ থেকে ৫০ বছরে বরাক উপত্যকার বিভিন্ন অঞ্চলে নদীর গতি বিধির প্রকৃতি , ভাঙ্গনের নমুনা এবং নদীর গতিপথ পরিবর্তনের তথ্য সংগ্রহ করা হচ্ছে । বিশেষজ্ঞ দলটি প্রাথমিক জরীপ কার্য সমাপ্ত করার পর ভূতাত্ত্বিক এবং পরিবেশবিদের পরামর্শ অনুসারে প্রতিবেদন প্রস্তুত করবে । এর পর কেন্দ্রীয় সরকারের কাছে এই প্রতিবেদন প্রেরণ করা হলে এর ভিত্তিতে ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণ করা হবে ।

শ্রীভূমির জেলা ম্যাজিস্ট্রেট এক জরুরী নির্দেশ জারী করে মকই ভাঙ্গার পাশে জাতীয় সড়কে ভাঙ্গা সেতুটি দূর্বল হয়ে পড়ায় জনসাধারণের নিরাপত্তা রক্ষার জন্য ওই সেতুর ওপর দিয়ে সবধরনের যানবাহন চলাচল এবং জনসাধারণের চলাচলে নিষেধাজ্ঞা জারি করেছেন । কারিগরী বিশেষজ্ঞদের প্রতিবেদন অনুযায়ী যাতায়াতকারী যানবাহন ও

পথচারীদের অতিরিক্ত চাপে যেকোনো মুহূর্তে সেতুটি ভেঙ্গে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে । এই ঝুঁকি এড়াতে ভারতীয় নাগরিক সুরক্ষা ১৬৩ ধারার অধীনে জেলা ম্যাজিস্ট্রেট সেতুটিতে সবধরনের যাতায়াত সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করেছেন ।

এই নির্দেশ অবিলম্বে কার্যকর করা হয়েছে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে ।

ভারত সরকারের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশ অনুসারে দেশব্যাপী চলা স্বচ্ছতা হী সেবা অভিযান কর্মসূচীর অঙ্গ হিসেবে আজ শিলচর রাধামাধব কলেজের এন এস এস ইউনিট কলেজ প্রাঙ্গণে স্বচ্ছতা অভিযান কার্যসূচী পালন করেছে । এন এস এস ইউনিটের ছাত্র ছাত্রী স্বেচ্ছাসেবক এবং কলেজের ছাত্র সংসদের সদস্যরা এই কার্যসূচীতে অংশগ্রহণ করেন এবং স্বচ্ছতার শপথ গ্রহণ করেন বলে রাধামাধব কলেজের এন এস এস ইউনিটের প্রোগ্রাম আধিকারিক ড.সি এইচ মণিকুমার সিংহ জানান ।

শ্রীভূমি জেলার ইন্দিরা ভবনে করিমগঞ্জ জেলা কংগ্রেসের উদ্যোগে ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী , বিশেষ্ট অর্থনীতিবিদ প্রয়াত ডক্টর মনমোহন সিং-এর জন্মবার্ষিকী শ্রাদ্ধার সঙ্গে পালন করা হয়।

এই উপলক্ষে ডক্টর মনমোহন সিং-এর প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করেন জেলা কংগ্রেস সভাপতি শ্রী তাপস পুকায়েস্থ , উত্তর করিমগঞ্জের বিধায়ক জাকারিয়ে আহমেদ , শহর ব্লক কংগ্রেস সভাপতি শ্রী অনুরাগ দত্ত সহ জেলা ও ব্লক কংগ্রেসের বিভিন্ন স্তরের কর্মকর্তারা ।

অনুষ্ঠানে বিভিন্ন বক্তা দেশের অর্থনৈতিক উন্নয়ন ও জনকল্যাণে ডক্টর
মনমোহন সিং-এর গুরুত্বপূর্ণ অবদানের কথা স্মরণ করেন ।

ভারত সেবাশ্রম সঙ্ঘ মালিনীবিল শিলচরের ব্যবস্থাপনায় হিন্দু রক্ষী দল
এবং কাছাড় ক্যান্সার হাসপাতালের সহযোগীতায় শিলচর চাঁদমারী
ভারত সেবাশ্রম সঙ্ঘ আজ প্রথমবারের এক রক্তদান শিবিরের আয়োজন
করে । প্রদীপ প্রজ্জ্বলন করে এই শিবিরের উদ্বোধন করেন স্বামী
তত্ত্বজ্ঞানানন্দজী মহারাজ সহ আমন্ত্রিত অতিথিবৃন্দ । এরপর রক্তদানের
উদ্দেশ্যে ও গুরুত্ব নিয়ে শিলচরের প্রাক্তন বিধায়ক দিলীপ কুমার পাল
সহ উপস্থিত বিশিষ্ট ব্যাক্তিরা বক্তব্য রাখেন ।
